

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭১) কোনো ব্যক্তি যদি হজের মাসে উমরা আদায় করে মদীনা সফর করে, অতঃপর যুলহুলায়ফা থেকে হজের ইহরাম বাঁধে, তবে সে কি তামাত্রু কারীরূপে গণ্য হবে?

উত্তর: যখন কিনা এ ব্যক্তি হজের মাসে উমরা সম্পাদন করে এবছরেই হজ আদায় করার দৃঢ় ইচ্ছা পোষণ করেছে, তখন সে তামান্ত্রণকারী হিসেবে গণ্য হবে। কেননা উমরা ও হজের মধ্যবর্তী কোনো সফর তামান্ত্রণকে বাতিল করবে না। তবে যদি উমরা আদায় করার পর নিজ দেশে ফেরত যায় এবং সেখান থেকে হজের উদ্দেশ্যে সফর করে, তবে তার তামান্ত্রণ বিচ্ছিন্ন হয়ে যাবে। কেননা প্রত্যেকটি কাজ সে আলাদা আলাদা সফরে সম্পাদন করেছে। অতএব, উমরা সম্পাদন করার পর যে লোক মদীনা সফর করে যুলহুলায়ফা থেকে হজের ইহরাম বাঁধবে, সে তামান্ত্রণ হজকারী হিসেবে হাদঈ যবাই করবে। কেননা আল্লাহ বলেন,

﴿ فَمَن تَمَتَّعَ بِالْ الْعُمارَةِ إِلَى الْاحَجِ فَمَا الساتَياسَرَ مِنَ الْالهَداي ﴿ [البقرة: ١٩٦] "যে ব্যক্তি হজের সাথে উমরা করার নিয়ত করবে, সে সাধ্যানুযায়ী হাদঈ যবাই করবে।" [সূরা আল-বাকারাহ,

আয়াত: ১৯৬]

Source — https://www.hadithbd.com/books/link/?id=1145

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন